## ১৮/৭/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রইছউল আলম মন্ডল<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার স্থান | : | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০ ও ৫১২, ভবন নং-৬) |
| তারিখ | : | ১৮/৭/২০১৮ খ্রিঃ |
| সময় | : | বিকাল ৩.০০ ঘটিকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভাপতি জনাব মোঃ রইছউল আলম মন্ডল-এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচনা উপস্থাপনের জন্য যুগ্মসচিব (বাজেট)কে আহ্বান জানান। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা-০১: বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:** সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট) সভায় জানান যে, বিগত ০৫/৬/২০১৮ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব থাকলে উহা উপস্থাপনের জন্য সদস্যগণকে অনুরোধ জানান। এ প্রেক্ষিতে সভায় উপস্থিত কমিটির সদস্যগণ বিগত সভার কার্যবিবরণী পেয়েছেন মর্মে সভাকে অবহিত করেন এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচনা-০২: ২০১৭-২০১৮ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে এ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০১৮) প্রতিবেদন পর্যালোচনাঃ**

যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, ২০১৭-২০১৮ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগ এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৫টি কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ৫৮টি কার্যক্রম এবং ৫টি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ২২ টি কার্যক্রম নির্ধারিত রয়েছে। কার্যক্রমভিত্তিক লক্ষ্যমাত্রার বিপরীতে ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০১৮) বাস্তবায়ন অগ্রগতির বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করা হয়। সভাপতি কার্যক্রমের যে সকল দফা/উপদফায় শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সে সব বিষয়ে বক্তব্য/মতামত প্রদানের জন্য সংশ্লিষ্টগণকে আহ্বান জানান। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর জানান যে, ২ নং কৌশলগত উদ্দেশ্যের ২.৭ নং কার্যক্রমটি (সরকারি খামারে এক দিনের হাঁস-মুরগীর বাচ্চা উৎপাদন) লক্ষ্যমাত্রার ৭০.৭৬ ভাগ অর্জিত হয়েছে। এ প্রসঙ্গে তিনি জানান যে, বেসরকারি পর্যায়ে ১ দিনের মুরগির বাচ্চার দাম সরকারি খামারে উৎপাদিত বাচ্চার দামের তুলনায় কম হওয়ায় কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি। তিনি আরো জানান যে, বাজার পরিস্থিতির সাথে সংগতি রেখে মূল্য পুন:নির্ধারণের জন্য প্রাণিসম্পদ অধিদপ্তর হতে বিগত ১৪/০১/২০১৮ তারিখের ৪৩ সংখ্যক স্মারকে সচিব মহোদয় বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে মুল্য পুন:নির্ধারণে সম্মতি প্রদানের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০৬/৩/২০১৮ তারিখের ১৪৩ সংখ্যক পত্রে এবং উক্ত বিষয়ে কোন সিদ্ধান্ত না পাওয়ায় ১৫/৫/২০১৮ তারিখের ৩৩৩ সংখ্যক পত্রমূলে সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর পুনরায় প্রস্তাব প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি এ বিষয়ে কোন সিদ্ধান্ত পাওয়া যায়নি। এ সংক্রান্ত আলোচনায় যুগ্মসচিব (বাজেট) বলেন যে, সময় সময়ে বাজার পরিস্থিতির সাথে সংগতিপূর্ণভাবে মূল্য নির্ধারণ করা না গেলে লক্ষ্যমাত্রা অর্জন করা কঠিন হয়ে পড়ে। তাছাড়া, অর্থ মন্ত্রণালয়ের মাধ্যমে মূল্য নির্ধারণ প্রক্রিয়া যথেষ্ট সময় সাপেক্ষ। এ অবস্থায় প্রশাসনিক মন্ত্রণালয়ে মূল্য নির্ধারণের ক্ষমতা ন্যাস্ত থাকলে বাজার মূল্যের সাথে সামঞ্জস্য রেখে সংক্ষিপ্ত সময়ে মূল্য পুন:নির্ধারণ ও কার্যক্রম বাস্তবায়ন সহজতর হবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন। অতিরিক্ত সচিব (প্রাস-২) জনাব কাজী ওয়াছি উদ্দিন লক্ষ্যমাত্রা পুন:নির্ধারণ করার সুযোগ থাকলে বাস্তবতা বিবেচনায় তা করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। এ প্রেক্ষিতে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব অরুন কুমার মালাকার সভাকে অবহিত করেন যে, এ পর্যায়ে APA এর লক্ষ্যমাত্রা পরিবর্তনের কোন সুযোগ নেই।

কৌশলগত উদ্দেশ্যের ৪.৭ নং কার্যক্রমটি (সামুদ্রিক মৎস্য সম্পদ আহরণ ও ব্যবস্থাপনার লক্ষ্যে ডিগ্রী প্রদান) লক্ষ্যমাত্রার ৯৩.৩০ ভাগ অর্জিত হয়েছে। অর্জন কম হওয়ার বিষয়ে মেরিন ফিশারিজ একাডেমীর প্রতিনিধি সভায় জানান যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী ক্যাডেট ভর্তি করা হলেও সকলে কোর্স সম্পন্ন না করায় শতভাগ অর্জন সম্ভব হয়নি।

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের এম.১.৪, এম ২.২, এম ২.৫ এবং এম ৪.২ নং কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ অর্জন না হওয়ার বিষয়টি যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনায় জানা যায় যে, বর্ণিত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদিত না হওয়ায় লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ অর্জন ব্যাহত হয়েছে। এ সংক্রান্ত আলোচনাকালে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রমসমূহের অগ্রগতির তথ্য প্রয়োজনবোধে যাচাই করে দেখা যেতে পারে মর্মে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভায় অভিমত ব্যক্ত করেন। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রমসমূহ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিধায় ভবিষ্যতে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকার জন্য সভাপতি সংশ্লিষ্ট কর্মকর্তাগণের দৃষ্টি আকর্ষণ করেন।

বিস্তারিত আলোচনান্তে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে এ মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০১৮) প্রতিবেদন অনুমোদন করা হয়।

**আলোচনা-০৩: বিবিধঃ** যুগ্মসচিব (বাজেট) পরবর্তী করণীয় হিসেবে নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ২০১৭-২০১৮ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রতিবেদন মূল্যায়ন ও বিশেষজ্ঞ পুলের মতামত প্রাপ্তির পর বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদনসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়টি সভাকে অবহিত করেন।

**সিদ্ধান্ত:**

১। ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০১৮) প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ২০১৭-২০১৮ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৭/১৮

মোঃ রইছউল আলম মন্ডল
সচিব
ও
সভাপতি, বিএমসি কমিটি।